

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ এর কার্যালয়
এমআইএস এন্ড এস্টেটস সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
ফোনঃ ৮৮৭৯৩৩২, ফ্যাক্স : ৮৮৭৯৩৭৫।
ই-মেইল : semis@rhd.gov.bd

স্মারক নং- ২৩২/৭ (৩) MIS


তারিখঃ ২৭/১১/১৮

বিষয় : সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন ভূমি হতে অবৈধ স্থাপনা উচ্ছেদের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র : ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকার স্মারক নং- ৪১১/এমএসডাব্লিউ তাং- ১৫/০৩/২০১৮ইং।
২। অত্র দপ্তরের স্মারক নং-১৪৫(১১) MIS তারিখঃ ১০/৫/২০১৮ইং ও স্মারক নং-১৮১/৮(৩)MIS, তারিখঃ ০২/০৭/২০১৮ইং।।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন ভূমি হতে অবৈধ স্থাপনা উচ্ছেদের তথ্যাদি প্রতি মাসে অত্র দপ্তরে প্রেরণ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। কিন্তু, মাঠ পর্যায়ের কিছু জোনের প্রেরিত প্রতিবেদন সন্তোষজনক নয় (যেমনঃ ঢাকা জোন, চট্টগ্রাম জোন, কুমিল্লা জোন, সিলেট জোন, খুলনা জোন, বরিশাল জোন ও ময়মনসিংহ জোন)। উল্লেখ্য যে, অনেক জোন হতে চাহিত তথ্য নির্ধারিত ছক অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করছে না। কোন কোন জোনের মাত্র কয়েকটি সড়ক বিভাগ তথ্য প্রেরণ করে। এছাড়া কোন কোন সড়ক বিভাগ সম্পূর্ণ তথ্য প্রদান করে না। ফলে প্রতি মাসে এতদসংক্রান্ত তথ্য যথাযথভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, তাঁর জোনের অধীনস্থ সকল সড়ক বিভাগের অবৈধ দখলকৃত ভূমি ও স্থাপনা উচ্ছেদের সঠিক তথ্যাদি নির্ধারিত ছকে পূরণ করতঃ একত্রিত করে জোন ওয়ারী প্রতি মাসের ২৫ (পচিশ) তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।


২৭/১১/১৮
(রোশনি-এ-ফাতিমা)

পরিচিতি নং-০০০৩৯০

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
এমআইএস এন্ড এস্টেটস সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বরাবর,

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ,

ঢাকা জোন/চট্টগ্রাম জোন /কুমিল্লা জোন /সিলেট জোন /খুলনা জোন /বরিশাল জোন ও ময়মনসিংহ জোন।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, ল্যান্ড রেকর্ড এন্ড একুইজিশন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।